

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১২১.১৯-৫৯৫

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৫৫১/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৫৫১/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৫৫১/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপন্ডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৭৫৫১/২০১৯	জনাব মো: রুবেল উদ্দিন, সহকারী প্রোগ্রাম অফিসার, স্কিলস এন্ড ট্রেনিং এ্যানহ্যান্সমেন্ট প্রোজেক্ট (STEP), কারিগরি শিক্ষা অধিদপ্তর গং (১৫ জন)।	সচিব, টিএমইডি, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, সচিব, অর্থ মন্ত্রণালয় ও ডিজি, ডিটিই মোট ০৪ (চার) জন।	কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন স্কিলস এন্ড ট্রেনিং এ্যানহ্যান্সমেন্ট প্রোজেক্ট (STEP) এর কর্মকর্তা-কর্মচারী পিটিশনারগণ-কে তাদের সংশ্লিষ্ট পদে / সমমানের পদে রাজস্বখাতে আল্লীকরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: রুবেল উদ্দিন গং (১৫ জন) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ৭৫৫১/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২২/৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে পিটিশনারগণ-কে তাদের সংশ্লিষ্ট পদে / সমমানের পদে রাজস্বখাতে আল্লীকরণের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১৯/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৫৫১/২০১৯ মামলার ২২/০৭/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ২৮/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিত্রা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।